

## উপজেলা পরিক্রমা

### ঝালকাঠি সদর

বহু সাধক, পীর, আউলিয়ার অম্মান স্মৃতি বিজড়িত স্থান ঝালকাঠি। সুগন্ধীয় হযরত দাউদ শাহ, সাহভাংগলে হযরত চেরাগ আলমশাহ, তেরআনায় হযরত মাহমুদ শাহ, আর পোনাবালীয়ায় ২৭ শহীদের মাজার এ ঝালকাঠিতে। সুগন্ধানদীর তীরে জীবনাদ দাসের খানসিড়ি পাশ ঘেঁসে গেছে বহু ক্ষণজন্মা পুরুষের জন্ম এ ঝালকাঠিতে। মাওলানা আজিজুর রহমান নেছারাবাদী, কবি কামিনী রায়, জুরী গানের সম্রাট আব্দুল গনী বয়াতী, কবি সৈয়দ আবদুল মান্নান বিশেষ উল্লেখ্য। ৪টি উপজেলা নিয়ে নবগঠিত জেলা ঝালকাঠি। উপজেলা সদর, ১টি পৌরসভা ও ৯টি ইউনিয়ন নিয়ে গঠিত। এ উপজেলার আয়তন ৮২.৫৪ বর্গমাইল, লোকসংখ্যা ১,৮০,৭৫০ জন।

#### কৃষি

কৃষক পরিবার ৩০ হাজার, জমির পরিমাণ ৫০ হাজার একর, আবাদী জমির পরিমাণ ৩৬ হাজার একর, অনাবাদী ১৪ হাজার একর। প্রধান ফসল ধান, ডাল, বিভিন্ন রবিশস্য। ঝালকাঠির পেয়ারা বাংলাদেশ খ্যাত। আখ ভাল জন্মে।

#### শিক্ষা

ঝালকাঠি সদর উপজেলার শিক্ষিতের হার ৩৬ জন। এ উপজেলায় একটি সরকারী ডিগ্রী কলেজ, একটি বেসরকারী ডিগ্রী কলেজ, ১টি উচ্চ মাধ্যমিক কলেজ, ১টি মহিলা কলেজ, ২টি সরকারী উচ্চ বিদ্যালয় (বালক ও বালিকা), ২টি ফাজিল মাদ্রাসা, ৩টি আলিম মাদ্রাসা, ৫টি দাখিল মাদ্রাসা, ৪৭টি এবতেদায়ী মাদ্রাসা, ৩৬টি উচ্চ বিদ্যালয়, ৭টি উচ্চ বালিকা বিদ্যালয়,

৩টি জুনিয়র বিদ্যালয়, ১০১টি সরকারী প্রাথমিক স্কুল, ৮টি বেসরকারী প্রাথমিক স্কুল ও ১টি এতিমখানা আছে।

#### যাতায়াত

ঝালকাঠি পৌরসভা প্রতিষ্ঠা লাভ করে আজ থেকে ১১২ বছর আগে। কিন্তু সে তুলনায় রাস্তা-ঘাট, ড্রেন ইত্যাদির উন্নতি হয়নি। সকল রাস্তাই সংকুচিত। গ্রামের রাস্তা-ঘাট ব্রীজ, পুল ইত্যাদি অধিকাংশই সম্প্রসারণ এবং সংস্কার প্রয়োজন।

#### স্বাস্থ্য

উপজেলা সদরে তথা জেলা সদরে সদর হাসপাতালটিতে ওষুধ নেই। প্রয়োজনীয় শয্যা নেই। জরুরী বিভাগ নেই। রোগীদের খাবারের মান আরও উন্নয়ন প্রয়োজন। এ উপজেলায় ১২টি পরিবার পরিকল্পনা ক্লিনিক ও ১টি মাতৃসদন আছে। মাতৃসদনটিতে অভিজ্ঞ নার্স বা আয়া নেই।

#### টেলিফোন

তিন শতাধিক টেলিফোন থাকা সত্ত্বেও ঝালকাঠি জেলা শহরে ডায়ালিং পদ্ধতি চালু হয়নি। কবে হবে কর্তৃপক্ষই জানেন। ঢাকা, চিটাগাং, খুলনায় টেলিফোন করতে হলে বরিশাল এসে করতে হয়।

#### হাট-বাজার

এ উপজেলায় ছোট-বড় ১৩টি হাট-বাজার আছে। ঝালকাঠিকে বাণিজ্য কেন্দ্র হিসেবে এককালে দ্বিতীয় কোলকাতা হিসেবে আখ্যায়িত করা হত। লবণ এবং কেরোসিন তেলের সবচেয়ে বড় মার্কেট ঝালকাঠিতে প্রায় ১০টি লবণের মিল, ২টি বিশাল তেলের ডিপো আছে।